# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ রহমান সাহেব ছোট বেলা থেকেই মানুষের কল্যাণের জন্য কাজ করার আগ্রহ প্রকাশ করেছেন। সময়ের আবর্তে তাঁর এই আগ্রহ সমাজসেবায় রূপ লাভ করে। দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষের পাশে উন্নয়নের জন্য কাজ করার লক্ষ্যে নিজ উদ্যোগে সমাজসেবা কার্যক্রম পরিচালনা করেন। উন্নয়নমূলক কাজ করতে তিনি নানান প্রতিবন্ধকতার শিকার হন। এজন্য তিনি পেশাদার সমাজকর্মীর দ্বারস্থ হয়ে একটি সমাধানে পরিকল্পনা করেন। এভাবেই তিনি মানুষের কল্যাণে ও সমাজের উন্নয়নে দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছেন।


ক. সমাজকর্ম বলতে কী বোঝ? ১

খ. বাংলাদেশে সমাজকল্যাণের লক্ষ্য ও উদ্দেশ্যগুলো কী কী? ২

গ. বাংলাদেশে সমাজকল্যাণ শিক্ষার প্রয়োজন আছে বলে কী তুমি মনে করো? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের কোন কোন ক্ষেত্রে সমাজকল্যাণের জ্ঞান প্রয়োগ করা যায়?

**২.** ▶




ক. শিল্প বিপ্লব বলতে কী বোঝ? ১

খ. 'শিল্প বিপ্লবই পেশাদার সমাজকর্ম শিক্ষার মূল উৎস' ব্যাখ্যা করো। ২

গ. শিল্প বিপ্লব ইতিবাচক প্রভাবেরই প্রতিফলন— বিশ্লেষণ করো। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে শিল্প বিপ্লবের অবদান বিশ্লেষণ করো। ৪

**৩.** ▶ উদ্দীপকটি পড়ো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. কে, সমাজকর্মকে সেমি প্রফেশন বলেছেন? ১
খ. বৃত্তি বলতে কী বোঝ? ২
গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানটি কোন বিষয়কে নির্দেশ করে? ৩
ঘ. উক্ত বিষয়টির সঙ্গে সমাজকর্মের তুলনামূলক আলোচনা করো। ৪

৪. ▶ পাকিস্তানের সোয়াত প্রদেশে ১৪ বছরের কিশোরী মালালা ইউসুফজাই 'জ্ঞান অর্জনে নারী পুরুষের সমান অধিকার'- এই উপলব্ধিতে সে নিয়মিত স্কুলে যেত। গত ৯ অক্টোবর ২০১২ সালে স্কুল থেকে বাড়ি ফেরার পথে নারী শিক্ষাবিরোধী সন্ত্রাসীদের হাতে গুলিবিদ্ধ হলেও সৌভাগ্যক্রমে বেঁচে যায়। শিক্ষার মতো মৌলিক অধিকার প্রতিষ্ঠায় মালালা'র সাহসী ভূমিকা এখন বিশ্বজুড়ে একটি প্রেরণামূলক ঘটনা।

ক. সমাজ সংস্কার কী? ১
খ. নারী নির্যাতন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মালালা ইউসুফজাই এর প্রচেষ্টা উপমহাদেশে নারী শিক্ষার বিস্তারে কোন সমাজ সংস্কারের সাথে কীভাবে তুলনীয়? তা ব্যাখ্যা করো। ৩
ঘ. মালালা ইউসুফজাইর ভূমিকা সমাজকল্যাণ সাধনে তোমাকে কীভাবে অনুপ্রাণিত করে? বুঝিয়ে লেখ। ৪

৫. ▶ জনাব রহমান ও মিসেস রুমানা দম্পতি কলেজে অধ্যাপনা করেন। জনাব রহমান এমন বিষয়ে অধ্যাপনা কনে যেখানে সমাজ ও সমাজ সম্পর্কিত বিষয়াদি আলোচিত হয়। অন্যদিকে, রুমানার আলোচ্য বিষয় সামাজিক উন্নয়ন, সমাজ সেবা, সামাজিক নিরাপত্তা ও আইন সংক্রান্ত বিষয়াদি। অবসর সময়ে দুজন তাদের নিজস্ব বিষয়ে একে অপরকে কিভাবে সহায়তা করতে পারে তা নিয়ে আলোচনা করেন।

ক. অর্থনীতির ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. নৃ-বিজ্ঞানকে মানব সম্পর্কিত বিজ্ঞান বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে রুমানার বিষয়টি সম্পর্কে বর্ণনা করো। ৩
ঘ. রুমানা ও জনাব রহমানের পাঠদানকৃত বিষয়গুলো কিভাবে একে অপরের পরিপূরক তা ব্যাখ্যা করো। ৪

৬. ▶ সমাজসেবী দিলারা জামান তার একমাত্র ছেলের অকাল মৃত্যুতে দিশেহারা হয়ে পড়েছিলেন। এ অবস্থায় সমাজকর্মী জেসিকা তার দেখাশোনার ভার গ্রহণ করে। দিলারা জামানকে সুস্থ স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে জেসিকা নানা কৌশল ও পদ্ধতি অবলম্বন করেছে।

ক. দল কী? ১
খ. সমাজকর্ম পদ্ধতি কী? ব্যাখ্যা করো। ২

গ. দিলারা জামানকে সুস্থ স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে জেসিকা কোন পদ্ধতি অবলম্বন করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত পদ্ধতি বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ কিছু উপাদান জড়িত-মতামত ব্যক্ত করো। ৪

৭. ▶ বাংলাদেশে ২০১০ সালে একটি জাতীয় নীতি বাস্তবায়নের লক্ষ্যে জনাব 'ক' চৌধুরীকে প্রধান করা হয়। তিনি মানুষের প্রধান মৌলিক অধিকার সম্পর্কিত একটি নীতি প্রণয়ন করেন, যা জাতীয় উন্নয়নের পূর্বশর্ত হিসাবে কাজ করে থাকে।

ক. সামাজিক পরিকল্পনা প্রণয়নের প্রথম ধাপ কী? ১

খ. প্রেক্ষিত বা স্থায়ী পরিকল্পনা কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব 'ক' চৌধুরীকে প্রণীত নীতি বাংলাদেশের কোন নীতিকে ইঙ্গিত করে? তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত নীতির উল্লেখযোগ্য দিকগুলো একটি তালিকা তৈরি করো। ৪

৮. ▶ আদিবের বয়স ১২ বছর। সমাজবিরোধী কিছু লোকের সংস্পর্শে এসে সে অপরাধপ্রবণ হয়ে পড়ে। সংশোধনের জন্য তাকে একটি সরকারি সমাজসেবা প্রতিষ্ঠানে ভর্তি করা হয়। ঐ প্রতিষ্ঠানের কিছু সমস্যার কারণে আদিব অসুস্থ হয়ে পড়লে তাকে চিকিৎসার জন্য অন্য একটি প্রতিষ্ঠানে ভর্তি করা হয়। দুটি প্রতিষ্ঠানের সমন্বয়হীনতার কারণে আদিবের বর্তমান অবস্থা বেশ শোচনীয় হয়ে পড়ছে।

ক. বাংলাদেশে কত সালে পেশাদার সমাজকর্ম শিক্ষার যাত্রা শুরু হয়? ১

খ. গ্রামীণ সমাজসেবা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সমাজকর্ম পেশার প্রয়োগক্ষেত্রসমূহ চিহ্নিত করে ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত পেশার প্রয়োগক্ষেত্রে সমাজকর্ম পেশার প্রয়োগ সমস্যাসমূহ বিশ্লেষণ করো। ৪

৯. ▶ সোহাগপুর গ্রামের বাসিন্দারা একত্রিত হয়ে তাদের এলাকায় যৌতুক এবং নারী নির্যাতন বন্ধের জন্য একটি সংগঠন গড়ে তোলে। কিছু কিছু লোকের লোভ এবং অনৈতিক আচরণে সংগঠনটির মধ্যে নানামতের সৃষ্টি হয়। এ অবস্থায় ঐ সংগঠনের অন্যান্য সদস্যরা সংগঠনটি টিকিয়ে রাখার জন্য কিছু সমাজকর্মীর সাহায্য প্রার্থনা করে।

ক. ব্যক্তি সমাজকর্মের চাবিকাঠি বলা হয় কোন নীতিটিকে? ১

খ. ব্যক্তি সমাজকর্মের যোগাযোগ নীতির ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত সমস্যা সমাধানে সমাজকর্মীরা কোন পদ্ধতি প্রয়োগ করবেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত পদ্ধতি প্রয়োগের সাথে নানা উপাদান জড়িত? বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

১০.▶ড. রোহন বিশেষ চাহিদাসম্পন্ন শিশুর বিকাশের লক্ষ্যে নিজ এলাকায় 'আদর' নামক একটি সংগঠন গড়ে তোলেন। তিনি তার প্রতিষ্ঠানে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বিশেষ কয়েকটি বিষয়ের ওপর গুরুত্বারোপ করে নিয়োগদান সম্পন্ন করেন। প্রতিষ্ঠানে প্রশিক্ষণ বিষয়ে তার কর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, শিশুদের ভালোবাসতে হবে, প্রশিক্ষকের আচার-আচারণ এসব শিশুরা অনুসরণ করে, পরিবারের সদস্যদের এরা অনুসরণ করে, কখনো এদের শাস্তি দিতে নেই। এদের ভালো কাজে উদ্বুদ্ধ করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ের ওপর জ্ঞান অর্জনে প্রশিক্ষণার্থীদের তিনি বিভিন্ন পরামর্শ দেন। তার পরামর্শে কর্মীগণ উদ্বুদ্ধ হন এবং প্রতিষ্ঠানের স্বার্থে কাজ করে এসব শিশুর বিভিন্নমুখী জটিলতায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেন। আজ এসব শিশু এ সংগঠনে পরম আদরে বেড়ে উঠেছে।

ক. সমাজবিজনের সংজ্ঞা দাও? ১

খ. সমাজবিজ্ঞানে 'সামাজিক ক্রিয়া-প্রতিক্রিয়া' ধারণাটিকে অধিক গুরুত্ব দেয় কেন? ২

গ. ড. রোহন কর্মীদের কোন সংশ্লিষ্ট বিষয়ের ধারণার ওপর জ্ঞানার্জনের পরামর্শ দেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কোন পদক্ষেপ গ্রহণের মাধ্যমে 'আদর' সংগঠনের শিশুরা পরম আদরে রয়েছে? বিশ্লেষণ করো। ৪

১১.▶শিক্ষক ক্লাসে সমাজকর্ম গবেষণার ধাপগুলোর ছক তৈরি করলেন-

| | |
|---|---|
| ১ | সমস্যা নির্বাচন |
| ২ | শিরোনামের সাথে প্রচলিত জ্ঞানের পরিচিতি। |
| ৩ | কার্যকরী অনুকল্প গঠন |
| ৪ | গবেষণার নকশা প্রণয়ন |
| ৫ | তথ্য সংগ্রহ। |

ক. উদ্ভাবনমূলক প্রতিক্রিয়ার বিশেষ দিক কী? ১

খ. সমাজকর্মের মৌলিক পদ্ধতি বলতে কী বোঝ? ২

গ. শিক্ষক ক্লাসে যে ছকটি তৈরি করলেন তা কী পূর্ণাঙ্গ? তোমার মতামত দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

## সমাজকর্ম প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট　　　　পূর্ণমান — ৩০　　　　বিষয় কোড: ২ ৭ ১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **সমাজকর্মের বহুল প্রচলিত সংজ্ঞা প্রদান করেছেন—**
ক Walter A. Friedlander
খ Gertrude Wilson
গ James Midgley
ঘ Social Work Dictionary

২. **AASW-এর পূর্ণরূপ কী?**
ক Asian Association of Social Service
খ Asian Alliance of Social Service
গ Australian Association of Social Workers
ঘ Agor Alliance of Solidarity Work

৩. **সামাজিক নীতি ও পরিকল্পনা প্রণয়নের বিভিন্ন পর্যায়ে থাকে—**
i. সমাজকর্মের জ্ঞান প্রয়োগের পর্যাপ্ত সুযোগ
ii. সমাজকর্মের চিন্তা-চেতনা প্রয়োগের পর্যাপ্ত সুযোগ
iii. সমাজকর্মের কলাকৌশল প্রয়োগের পর্যাপ্ত সুযোগ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৪. **ইংল্যান্ডে সরকারি পর্যায়ে দরিদ্রদের সাহায্য করার জন্য প্রথম আইনগত পদক্ষেপ কে গ্রহণ করেন?**
ক রাজা পঞ্চম জর্জ　খ রাজা ষষ্ঠ জর্জ
গ রাজা ষষ্ঠ হেনরি　ঘ রাজা অষ্টম হেনরি

৫. **ইংল্যান্ডে সমাজসেবার ইতিহাস ১৬০১ সাল বিখ্যাত কেন?**
ক ভিক্টোরিয়া শাসনের জন্য
খ লেবার পার্টির শাসনের জন্য
গ এলিজাবেথীয় দরিদ্র আইনের জন্য
ঘ বিভারিজ রিপোর্টের জন্য

৬. **কত সালে ইংল্যান্ডে একটি রাজকীয় কমিশন গঠনের মাধ্যমে ১৮৩৪ সালে দরিদ্র সংস্কার আইন প্রণীত হয়?**
ক ১৮৩২ সালে　খ ১৮৩৫ সালে
গ ১৮৩৬ সালে　ঘ ১৮৩৭ সালে

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:**
আমেরিকায় ৭টি পেশাগত সংগঠনের সমন্বয়ে একটি সমিতি গঠিত হয়েছে। সমিতিটি সমাজকর্ম পেশার মানোন্নয়নে, কাজ করে যাচ্ছে। উক্ত সমিতির প্রাথমিক লক্ষ্যের মধ্যে রয়েছে সংগঠনগুলোর কর্মীদের পেশাগত মানোন্নয়ন, বাস্তব উপযোগী নীতি প্রণয়ন ইত্যাদি।

৭. **উক্ত সমিতিটির সাথে নিচের কোনটির মিল রয়েছে?**
ক এনএএসডব্লিউ　খ জাতীয় মহিলা সমিতি
গ সিএসডব্লিউ　ঘ দান সংগঠন সমিতি

৮. **উক্ত সমিতিটির প্রাথমিক লক্ষ্য সংগঠনগুলোকে—**
i. বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণে সহায়তা করা
ii. অধিকতর কার্যকরী করা
iii. সংগঠনগুলোর ভীত দুর্বল করবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৯. **CSWE শিক্ষার মান উন্নয়নে ছাত্রদেরকে যার ভিত্তিতে সমাজকর্ম শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—**
i. সমাজকর্মের নীতির
ii. প্রশিক্ষণের　iii. আদর্শের
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১০. **মানবসমাজের চিরাচরিত অবস্থাসমূহের সেসব বিষয়কে বিপ্লব বলা হয় যা—**
i. সামগ্রিক কল্যাণমুখী
ii. ব্যাপক পরিবর্তনশীল
iii. স্থায়ী বা মৌখিক পরিবর্তনশীল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

১১. **পেশার আভিধানিক অর্থ কী?**
ক কর্ম　খ জীবনধারণ
গ জীবিকা　ঘ উপার্জন

১২. **প্রত্যেকটি পেশারই পেশাগত প্রতিষ্ঠান বিদ্যমান থাকে—**
i. পেশার সামগ্রী উন্নয়নের জন্য
ii. স্বার্থ সংরক্ষণের জন্য
iii. পেশার প্রচারণার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii　গ i ও iii　ঘ i, ii ও iii

১৩. **মূল্যবোধ হলো—**
i. আপেক্ষিক ও দার্শনিক
ii. সমাজে লিপিবদ্ধ থাকে
iii. ব্যক্তি যা প্রত্যাশিত বলে মনে করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

১৪. **মূল্যবোধকে কী বলা হয়?**
ক শক্তির অন্তর্নিহিত মূল্য
খ আদর্শের অন্তর্নিহিত মূল্য
গ বিশ্বাসের অন্তর্নিহিত মূল্য
ঘ আচরণের কৌশল

১৫. সাধারণত সমাজকর্ম পেশা ও সমাজকর্মীদের আচার-আচরণকে নিয়ন্ত্রণ করে কোনটি?
ⓚ মূল্যবোধ ও নীতিমালা
ⓚ উপাদান ও বৈশিষ্ট্য
ⓖ মূল্যবোধ ও উপাদান
ⓖ পদ্ধতি ও নীতিমালা

১৬. সমাজকর্মীকে নৈপুণ্যের সাথে কার্য সম্পাদনের আন্তরিক প্রচেষ্টা চালাতে হবে—
i. পেশাগত দক্ষতা ও নৈপুণ্য অর্জন
ii. পেশাগত অনুশীলন
iii. সহকর্মীদের প্রতি সৌজন্যতা প্রকাশে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

১৭. প্রাক-শিল্পযুগে সমাজসেবার মূল চালিকা শক্তি কোনটি?
ⓚ সেন শাসন ⓚ বিভিন্ন ট্যাবু
ⓖ ধর্মীয় অনুশাসন ⓖ ভাতৃত্ববোধ

১৮. জাকাত শব্দের অর্থ কী?
ⓚ পবিত্রতা ⓚ সাহায্য
ⓖ ত্রাণ তৎপরতা ⓖ বিনা সুদে ঋণদান

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯-২১ নং প্রশ্নের উত্তর দাও:

সাদেক সাহেব তার সম্পত্তির একটি অংশ ইসলামি আইনের ভিত্তিতে জনহিতকর কাজে দান করেন। বাংলাদেশ সরকারের ধর্ম মন্ত্রণালয় এ সকল দানকৃত সম্পত্তির পরিচালনার দায়িত্ব পালন করে থাকে।

১৯. উদ্দীপকে উল্লিখিত দান প্রথাটি কী নামে পরিচিত?
ⓚ সদকা ⓚ বায়তুল মাল
ⓖ জাকাত ⓖ ওয়াকফ

২০. উক্ত ব্যবস্থাটির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো—
i. দানকারীকে সাবালক এবং সুস্থ মনের অধিকারী হতে হবে
ii. দানকারীর নিজ সন্তানরা এর আওতাভুক্ত
iii. এ ধরনের সম্পত্তি স্থাবর-অস্থাবর উভয়বিধ হতে পারে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২১. বাংলাদেশে উক্ত দানপ্রথার মাধ্যমে গঠিত প্রতিষ্ঠানগুলো হলো—
i. ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
ii. সলিমুল্লাহ মুসলিম এতিখানা
iii. হামর্দদ ল্যাবরেটরিজ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২২. কত সালে সতীদাহ প্রথা রদ করা হয়?
ⓚ ১৮২৯ সালে ⓚ ১৮৩০ সালে
ⓖ ১৮৩১ সালে ⓖ ১৮৩২ সালে

২৩. কত সালে অগাস্ট কোঁৎ সর্বপ্রথম সমাজপাঠকে সমাজবিজ্ঞান বলে অভিহিত করেন?
ⓚ ১৯৩৯ সালে ⓚ ১৮৮০ সালে
ⓖ ১৮৪২ সালে ⓖ ১৮৪৪ সালে

২৪. নৃ-বিজ্ঞানের মূল উপজীব্য বিষয় হলো—
i. মানুষের দৈহিক গঠন ii. সামাজিক সম্পর্ক
iii. মানুষের সৃষ্ট সংস্কৃতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৫. জ্ঞানের কোন শাখা মানুষের বাহ্যিক আচরণের অভ্যন্তরীণ শক্তি অনুসন্ধান করে কোন বিজ্ঞান?
ⓚ সমাজবিজ্ঞান ⓚ মনোবিজ্ঞান
ⓖ সমাজকর্ম ⓖ পৌরনীতি

২৬. পৌরনীতি ও সুশাসন এবং সমাজকর্মের মূল লক্ষ্য হলো—
i. উভয়ই নাগরিকের কল্যাণ সাধন
ii. সমাজ ও রাষ্ট্রের বৃহত্তম কল্যাণ সাধন
iii. সার্বিক উন্নয়নে প্রতিবন্ধকতা সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৭. 'Oikonomia' শব্দের অর্থ কী?
ⓚ গৃহব্যবস্থাপনা ⓚ গৃহ পরিচালনা বিভাগ
ⓖ সম্পদের বিজ্ঞান ⓖ অপ্রাচুর্যের বিজ্ঞান

২৮. দল সমাজকর্মের যাত্রা শুরু হয় কত সাল থেকে?
ⓚ ১৯১১ সালে ⓚ ১৯২৪ সালে
ⓖ ১৯৩৫ সালে ⓖ ১৯৪৬ সালে

২৯. সমাজকর্মীর সচেতনতার জন্য নিচের কোনটি প্রযোজ্য?
ⓚ গোপনীয়তার নীতি ⓚ ব্যক্তি স্বাতন্ত্রীকরণ
ⓖ আত্মনিয়ন্ত্রণ নীতি ⓖ আত্মসচেতনতা নীতি

৩০. সমস্যা সমাধান প্রক্রিয়ার অন্যতম গুরুত্বপূর্ণ কৌশল কোনটি?
ⓚ ধর্মীয় সম্পর্ক ⓚ রাজনৈতিক সম্পর্ক
ⓖ নৈতিক সম্পর্ক ⓖ পেশাগত সম্পর্ক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ঘ | ৩০ | ঘ |